


# কৃষকদের মাঝে জনপ্রিয় হচ্ছে



## ব্রি-৩৪ সুগন্ধি ধান

দিনাজপুর অফিস ●

দিনাজপুরের চিরিবন্দর উপজেলায় ব্রি-৩৪ সুগন্ধি জাতের ধানের চাষ কৃষকদের মাঝে জনপ্রিয় হয়ে উঠেছে। এ বছর উপজেলার ৯ হাজার ৮৬১ হেক্টর জমিতে সুগন্ধি ব্রি-৩৪ ধানের চাষ হয়েছে।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানায়, উপজেলার আউলিয়া পুকুর, পুনট্রি, ভিয়াইল, ফতেজংপুর, সাতনালা, আবদুলপুরসহ ১২টি ইউনিয়নে কৃষকেরা ৯ হাজার ৮৬১ হেক্টর জমিতে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত ব্রি-ধান ৩৪ জাতের সুগন্ধি ধানের চাষ করেন। গত বছর চাষ হয়েছিল ৩ হাজার ৫৭১ হেক্টর জমিতে। এ বছর তা বেড়ে প্রায় তিন গুণ হয়েছে। উপজেলা কৃষি কর্মকর্তা মাহমুদুল হাসান বলেন, অধিদপ্তরের সহযোগিতায় কৃষকদের মাঝে এ ধান চাষে আগ্রহ বেড়েছে।